দৈনিক ইনকিলাব

তারিখ 25 MAY 2010 পৃষ্ঠা ... কলাম 2

# কলেজগুলোতে আসন বেড়েছে ভর্তি সংকট কেটে গেছে

স্টাফ রিপোর্টার

এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের কলেজে ভর্তি হতে কোন সমস্যা হবে না। এ বছর উত্তীর্ণ শিক্ষার্থীদের চেয়ে কলেজগুলোতে প্রায় চার লাখ আসন বেশি আছে। মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করতে রাজধানীর অপেক্ষাকৃত ভালোমানের প্রায় ৫০টির বিভিন্ন জেলার সরকারি ও বেসরকারি কলেজের নির্ধারিত আসনের চেয়ে আরও আসন বাড়ানো হয়েছে। এর পাশাপাশি ডাবল শিফ্‌ট চালুর উদ্যোগ নেয়া হচ্ছে। এছাড়াও শিক্ষা মন্ত্রণালয় উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার্থীদের ভর্তি নীতিমালা প্রণয়ন এবং ভর্তি ফি নির্ধারণের কার্যক্রম শুরু করেছে বলে জানা গেছে।

**শিক্ষা মন্ত্রণালয়ে আজ মতবিনিময় সভা**

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করতে আজ (মঙ্গলবার) সকাল ১১টায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে রাজধানীর কলেজগুলোর প্রিন্সিপালদের সঙ্গে প্রাথমিকভাবে ভর্তি সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। শিগগিরই রাজধানীর টিচার্স ট্রেনিং কলেজে দেশের শীর্ষস্থানীয় কলেজগুলোর প্রিন্সিপালদের নিয়ে এ বিষয়ে করণীয় নির্ধারণে মতবিনিময় সভা করা হবে। এরপর আগামী সপ্তাহের মধ্যেই ভর্তি সংক্রান্ত বিষয়ে কলেজগুলোকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে দিকনির্দেশনা দেয়া হবে বলে সূত্র জানিয়েছে। মন্ত্রণালয় সূত্র আরো জানায়, এবার ভর্তি নীতিমালায় তেমন কোন পরিবর্তন আসছে না। তবে শিক্ষার্থীদের ফলাফলের ভিত্তিতেই ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে। রাজধানীর অপেক্ষাকৃত ভালোমানের কলেজগুলোতে আসন সংখ্যা সীমিত থাকায় সংশ্লিষ্ট কলেজগুলোর কর্তৃপক্ষ মৌখিক পরীক্ষা নিতে পারবে বলেও সূত্র জানায়।

কলেজ ভর্তি কার্যক্রম সম্পর্কে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন,

পৃঃ ১২ কঃ ১

## কলেজগুলোতে আসন বেড়েছে

প্রথম পৃষ্ঠার পর

কলেজগুলোতে কোন আসন সংকট নেই। কিন্তু সমস্যা হলো সবাই ভালো কলেজে ভর্তি হতে চায়। ফলে ভালো কলেজগুলোতে ভর্তি প্রতিযোগিতাও বেশি হয়। তিনি জানান, এবার ৮টি সাধারণ শিক্ষা বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় পাস করেছে ৭ লাখ ১৩ হাজার ৫৬০ জন শিক্ষার্থী। কিন্তু সরকারি ও বেসরকারি কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক স্তরে আসন খালি আছে ১১ লাখ ৩৭ হাজার ৫৬৯টি। শিক্ষামন্ত্রী আরও জানান, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এবার (দাখিল) পাস করেছে ১ লাখ ৮২ হাজার ৪৩১ জন শিক্ষার্থী। কিন্তু এ বোর্ডে উচ্চতর শ্রেণীতে আসন আছে প্রায় ১ লাখ ৮৫ হাজার। আর কারিগরি শিক্ষা বোর্ড থেকে এবার পাস করেছে ৬৪ হাজার ৫০১ জন শিক্ষার্থী। কিন্তু এ বোর্ডের উচ্চ মাধ্যমিক স্তরে আসন আছে ১ লাখ ১৭ হাজার ৬৮০টি। মেধাবী শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, ১০টি শিক্ষা বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে ৮২ হাজার ৯৬১ জন শিক্ষার্থী। রাজধানীর ভালোমানের কলেজগুলোতেই ভর্তি হতে পারবে ১ লাখের বেশি শিক্ষার্থী। তাছাড়া সব মেধাবী শিক্ষার্থীই নানা কারণে রাজধানীতে ভর্তি হয় না। অনেকে লেখাপড়া ছেড়েও দেয়। এসব কারণে সারাদেশের কলেজগুলোতে এবার প্রায় ৪ লাখ আসন খালি থাকবে।